

প্রিয় শিক্ষার্থী ও পরিবারবর্গ:

এই চিঠির মাধ্যমে আমি আপনাদের নিশ্চিত করতে চাই যে নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন (NYCDOE) এবং মেয়রের অফিস, অভিবাসনগত অবস্থা যাই হোক না কেন, প্রত্যেক শিক্ষার্থী ও পরিবারসমূহের পাবলিক স্কুলে শিক্ষালাভের অধিকার সংরক্ষণে নিবেদিত। ফেডারেল পর্যায়ে যা কিছুই ঘটুক না কেনো, একটি সিটি হিসেবে আমরা বৈধতার কাগজপত্রহীনসহ সকল শিক্ষার্থীদেরকে আমাদের স্কুলে সুরক্ষিত রাখার ব্যাপারে নিরঙ্কুশভাবে প্রতিশ্রুতিবদ্ধ আছি।

নিউ ইয়র্ক সিটি যে একটি ইমিগ্র্যান্টদের শহর সেজন্যে আমরা গর্ববোধ করি। আমাদের ইমিগ্র্যান্ট পিতামাতা, শিক্ষার্থী, প্রিন্সিপ্যাল, শিক্ষক এবং স্টাফরা প্রাণবন্ত এবং আমাদের সিস্টেমের একটি গুরুত্বপূর্ণ অংশ, এবং আমরা তাদের প্রত্যেকেই মূল্য দেই।

সংযুক্ত ডকুমেন্ট, যার শিরোনাম [“ইমিগ্র্যান্ট পরিবারসমূহের জন্য সুরক্ষা \(Protections for Immigrant Families\)”](#) [schools.nyc.gov/protectingimmigrantfamilies], এতে NYCDOE এবং সিটি অভ নিউ ইয়র্ক যে বিভিন্ন প্রক্রিয়ায় আমাদের ইমিগ্র্যান্ট পরিবারসমূহকে স্বাগত জানাতে ও সুরক্ষা দিতে সচেষ্ট, তা সবিস্তারে ব্যাখ্যা করা আছে।

একটি গুরুত্বপূর্ণ পরামর্শ রয়েছে, আমি সেটা বিশেষভাবে উল্লেখ করতে চাই। NYCDOE ইমিগ্র্যাশন অ্যান্ড কাস্টমস্ এনফোর্সমেন্টসহ কোন অ-স্থানীয় (নন-লোকাল) আইন প্রয়োগকারীদেরকে আমাদের স্কুলসীমানায় অ্যাকসেস-এর অনুমতি দেয়না। স্কুল সীমানায় আমরা ইমিগ্র্যান্ট পরিবারদের অধিকার রক্ষায় দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ, এর মধ্যে অন্তর্ভুক্ত হচ্ছে সেসব শিক্ষার্থীরা যারা আমাদের স্কুলগুলোতে সামার স্কুল এবং সামার প্রোগ্রামে ভর্তি হয়েছে, সামার মিলসের (গ্রীষ্মকালে প্রদানকৃত খাবার) সুযোগ নিচ্ছে, এবং অনেক কিছুতে। হেমন্তে (ফল) যখন শিক্ষার্থীরা ক্লাসে যোগ দেবে, তাদের স্ট্যাটাস যাই হোক না কেন আমরা তাদের অধিকার রক্ষা করে যাব।

NYCDOE ইমিগ্র্যান্ট পরিবারদের যে সহায়তা দেয় সেসম্পর্কে আরো জানার পাশাপাশি নন-লোকাল আইন প্রয়োগকারীদের সম্পর্কে দেয়া পরামর্শ সম্পর্কে আরো জানতে, ভিজিট করুন www.schools.nyc.gov/supportingimmigrantfamilies। ফেডারেল আইনের কারণে আপনার এবং আপনার পরিবারের উপর কী প্রভাব পরতে পারে সেব্যাপারে আপনি যদি উদ্বিগ্ন থাকেন, তবে বিনামূল্যে এবং নিরাপদে ইমিগ্র্যাশন সহায়তা পেতে ActionNYC (অ্যাকশন এনওয়াইসি) হটলাইনে 1-800-354-0365 নাম্বারে ফোন করুন।

আপনার পরিবার 100 বছর আগে কী 100 দিন আগে এসে থাকুক, আপনি একজন নিউ ইয়র্কার – এবং আমরা আপনার পাশে আছি।

একাত্তরতার সাথে,

রিচার্ড এ. কারান্জা (Richard A. Carranza), Chancellor